

49038 - কোন নারী পুরুষদেরকে দেখা

প্রশ্ন

নারীর জন্য বেগানা পুরুষদের দিকে তাকানো কি জায়েয? নাকি সেটা হারাম?

প্রিয় উত্তর

ফাযিলাতুস শাইখ মুহাম্মাদ বিন সালেহ আল-উছাইমীনকে জিজ্ঞেস করা হয়েছিল:

টেলিভিশনের মাধ্যমে কিংবা স্বাভাবিকভাবে রাস্তায় কোন নারীর পুরুষদেরকে দেখার হুকুম কি?

জবাবে তিনি বলেন:

কোন নারীর পুরুষদের দিকে তাকানো দুটো অবস্থার কোন একটি থেকে মুক্ত নয়; সেটি টেলিভিশনের মাধ্যমে হোক কিংবা অন্য কোন মাধ্যমে হোক:

১। নিছক দেখা; এতে কোন যৌন-আকাঙ্ক্ষা নেই কিংবা উপভোগ নেই। আলেমদের মতামতগুলোর মধ্যে সঠিক মতানুযায়ী এ ধরনের দেখাতে কোন কিছু বর্তায় না। এটি জায়েয। যেহেতু আশেয়া (রাঃ) এর হাদিসে এসেছে: “হাবশীরা খেলাধুলাকালে আয়েশা (রাঃ) তাদেরকে দেখেছেন এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে তাদের থেকে আড়াল দিয়ে রেখেছিলেন।” [সহিহ বুখারী ও সহিহ মুসলিম] তিনি তার এই দেখাকে অনুমোদন করেছেন।

তাছাড়া নারীরা হিজাব পরিহিতা হলেও তারা বাজারে চলাচল করে এবং পুরুষদেরকে দেখে। তাই নারী পুরুষেরকে দেখতে পারে; যদিও পুরুষ নারীকে দেখতে পারে না। তবে শর্ত হলো: যৌনকামনা বা ফিতনা থাকতে পারবে না। যদি যৌনকামনা ও ফিতনা থাকে তাহলে টেলিভিশনে হোক কিংবা অন্য কিছুতে হোক দেখা হারাম।